

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ১১/২০২২

তারিখঃ ৩০/০৩/২০২২খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (ট্রাফিক) এর দপ্তর স্মারক নং- টিএম/শিপিং/মিটিং(অংশ-১)/২০২১/৮৭০, তারিখঃ ২৪/০৩/২০২২খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং-টিএম/শিপিং/মিটিং(অংশ-১)/২০২১/৮৭০

তারিখ-২৪/০৩/২০২২ইং

চট্টগ্রাম বন্দরে TOS (Terminal Operating System) এর আওতায় এজেন্ট ডেলিভারী অর্ডার অনলাইনে Electronic Delivery Order (EDO) দাখিল শতভাগ নিশ্চিত করার জন্য চট্টগ্রাম বন্দরের ট্রাফিক বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সিস্টেম এনালিস্ট, শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন, ফ্রাইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এর প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে টার্মিনাল ম্যানেজার, চবক এর সভাপতিত্বে টার্মিনাল ম্যানেজার, চবক এর কক্ষে গত ১৩/০২/২০২২ ইং তারিখের সভায় এজেন্ট ডেলিভারী অর্ডার অনলাইনে Electronic Delivery Order (EDO) আগামী ০১/০৪/২০২২ ইং তারিখ থেকে পূর্ণাঙ্গরূপে দাখিলের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। এমতাবস্থায় কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী সকল শিপিং এজেন্ট, এমএলও, ফ্রাইট ফরওয়ার্ডার্স ও প্রযোজ্য ক্ষেত্রে NVOCC কে আগামী ০১/০৪/২০২২ইং তারিখ হতে ডেলিভারী অর্ডার অনলাইনে Electronic Delivery Order (EDO) দাখিল শতভাগ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল ব্যবহারকারীগণকে EDO মডিউল বাস্তবায়নে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানানো গেল।

স্বাক্ষরিত/-

পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ